# রামগঞ্জ পৌরসভা কার্যালয়

রামগঞ্জ,লক্ষ্মীপুর।

www.ramgonjpourashava.com

স্মারক নংঃরামঃ/পৌরঃ/২০২৫/ ৩৮ তারিখঃ২৪/০২/২০২৫ খ্রিঃ

## বিজ্ঞপ্তি নং- ০১/২০২৪-২০২৫

## হাট-বাজার/ পৌর বাস স্ট্যান্ড/ট্রাক/সিএনজি স্ট্যান্ড/কসাইখানা ও গণশৌচাগার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রামগঞ্জ পৌরসভা নিম্নে বর্ণিত হাট-বাজার/ পৌর বাস স্ট্যান্ড/ ট্রাক/ সিএনজি স্ট্যান্ড/ কসাইখানা ও গণশৌচাগার সমূহ নিম্নোক্ত সময়সূচী ও আরোপিত শর্তসাপেক্ষে ১৪৩২ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের মেয়াদের জন্য সম্পুর্ন অস্থায়ী ভিত্তিতে আগ্রাহী ব্যক্তি/ ইজারাদারগণ/ প্রতিষ্ঠাণের নিকট হতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ইজারা প্রদানের লক্ষে E-Tender দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্রের সাথে উদ্বৃত মূল্যের ১০০% অর্থ জমা দিতে হবে। উল্লেখিত ১০০% অর্থ ব্যতীত বিধি মোতাবেক অতিরিক্ত ১৫% হারে ভ্যাট, ১০% হারে আয়কর, ৫% হারে জামানত (ফেরত যোগ্য) বাবদ মোট (১৫+১০+৫)=৩০% অর্থ এবং মহালের ক্রমিক অনুযায়ী সিডিউল মূল্য, প্রশাসক, রামগঞ্জ পৌরসভা বরাবরে তফসীলভুক্ত (সোনালী, পুবালী, জনতা, অগ্রনী, রুপালী, কৃষি, ওয়ান ব্যাংক, ব্যাংক এশিয়া, এনআরবিসি, এনসিসি) ব্যাংক হতে সিডিআর /পে-অর্ডার মূলে পৃথক পৃথক আকারে E-Tender আবেদনে সংযুক্ত করতে হবে। আবেদনের সহিত সিডিউল মূল্যের অর্থ দরপত্রের সাথে সংযুক্ত করা না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। কাঙ্খিত সরকারী মূল্যের ভিত্তিতে মহাল ইজারা প্রদান করা হবে। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এই বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত। বিস্তারিত পৌরসভার ওয়েব সাইট https://ramgonjpourashava.com/e-tender এ পাওয়া যাবে।

### দরপত্র প্রাপ্তির স্থান ঃ

| ক্রমিক নং | প্রাপ্তির স্থান সমূহ |
|---|---|
| ০১ | E-Tender প্রক্রিয়ায় রামগঞ্জ পৌরসভার ওয়েব সাইট থেকে আবেদন করতে হবে |
| ০২ | https://ramgonjpourashava.com/e-tender |

### সিডিউল বিক্রয় ও গ্রহনের সময়সূচী নিম্নরুপঃ

| পর্যায় | অনলাইনে দরপত্র দাখিলের শেষ তারিখ | অনলাইন দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১২/০৩/২০২৫ খ্রিঃ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত | ১২/ ০৩ /২০২৫ খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকা | উল্লেখিত তারিখ অনুযায়ী ১ম পর্যায়ে কাংখিত দর পাওয়া নাগেলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে ২য় এবং ৩য় পর্যায়ে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যে কোনবার দরপত্র গৃহীত হলে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় পর্যায় | ১৯/০৩/২০২৫ খ্রিঃ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত | ১৯/০৩/২০২৫ খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকা | |
| ৩য় পর্যায় | ২৫/০৩/২০২৫ খ্রিঃ দুপুর ০২.০০ ঘটিকা পর্যন্ত | ২৫ /০৩/২০২৫ খ্রিঃ বিকেল ৩.০০ ঘটিকা | |

## তফসিল

| ক্রনং | হাট-বাজার/স্ট্যান্ড সমূহের নাম | সম্ভাব্য সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | রামগঞ্জ বাজার (চারা বাজার ব্যতিত) | ১৪,৯৩,০০০/- | ৩৬০০/- |
| ০২ | মৌলভী বাজার | ৩,১২,০০০/- | ১২০০/- |
| ০৩ | সোনাপুর বাজার | ১৪,৪১,০০০/- | ৩৪০০/- |
| ০৪ | সোনাপুর ওয়াপদা বেড়ী ( পান ও মুড়ী/ ট্রাক ) বাজার | ৫,২৩,০০০/- | ১৬০০/- |
| ০৫ | রামগঞ্জ ইক্ষু বাজার ও চারা বাজার | ৬৮,৫০০/- | ৫০০/- |
| ০৬ | বালুয়া চৌমুহনী বাজার | ৩০,৫০০/- | ৫০০/- |
| ০৭ | রামগঞ্জ গোঁ-হাটা | ১৫,৬০,০০০/- | ৩৬০০/- |
| ০৮ | রামগঞ্জ বাসষ্ট্যান্ড (সোনাইমুড়ী রোড) | ৪,৬৭,০০০/- | ১৪০০/- |
| ০৯ | সোনাপুর নতুন বাসষ্ট্যান্ড (রামগঞ্জ হাজীগঞ্জ সড়ক) শুধুমাত্র আল আরাফাহ বাসের টোল আদায় করা হবে। | ১,৫১,৫০০/- | ১০০০/- |
| ১০ | রামগঞ্জ লক্ষ্মীপুর ডাগ্গাতলি/ জামতলী সি এন জি ষ্ট্যান্ড | ২,৯৭,০০০/- | ১৩০০/- |
| ১১ | রামগঞ্জ খাদ্য গুদাম সংলগ্ন হইতে বালুয়া চৌমুহনী বাজার রোড হয়ে সমিতি বাজার অভিমুখী সি এন জি ষ্ট্যান্ড | ৩,৭৯,০০০/- | ১৪০০/- |
| ১২ | রামগঞ্জ কেন্দ্রীয় ঈদগাঁহ ও ওয়াবদা বেড়ী সি এন জি ষ্ট্যান্ড | ১,৯৪,৫০০/- | ১০০০/- |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | রামগঞ্জ চৌরাস্তা হাজীগঞ্জ সড়ক হয়ে সোনাপুর চৌরাস্তা শৌরশৈই অভিমুখী সি এন জি ষ্ট্যান্ড | ৪,২৮,৫০০/- | ১৪০০/- |
| ১৪ | রামগঞ্জ এরশাদ হোসেন সড়ক হইতে টিউরি অভিমুখী সড়ক সি এন জি ষ্ট্যান্ড | ১,০৪,১০০/- | ৫০০/- |
| ১৫ | সোনাপুর চৌরাস্তা সি,এন,জি, টেম্পু ও বেবীষ্ট্যান্ড (পানিওয়ালা সড়ক) | ৩,৪৯,৫০০/- | ১৩০০/- |
| ১৬ | সোনাপুর মোরগ বাজার ও হরিসভা ব্রিজ হইতে নারায়নপুর সড়ক সি এন জি ষ্ট্যান্ড | ২,২৯,১০০/- | ১০০০/- |
| ১৭ | কসাইখানা | ৯২,১০০/- | ৫০০/- |
| ১৮ | রামগঞ্জ বাসষ্ট্যান্ড সংলগ্ন গণশৌচাগার | ৩১,৬০০/- | ৫০০/- |
| ১৯ | সোনাপুর বাজার (হলুদ পট্টি) গণশৌচাগার | ৪৩,৩০০/- | ৫০০/- |

## শর্তাবলীঃ

০১। অত্র ইজারা ১ বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪৩২ বাংলা সন পর্যন্ত বলবৎ থাকবে।

০২। দরপত্রের সহিত উদ্বৃত্ত মূল্যের ১০০% হারে টাকা তফসীলভুক্ত (সোনালী, পূবালী, জনতা, অগ্রনী, রুপালী, কৃষি, ওয়ান ব্যাংক, ব্যাংক এশিয়া, এনআরবিসি, এনসিসি) ব্যাংক হতে সিডিআর /পে-অর্ডার মূলে প্রশাসক, রামগঞ্জ পৌরসভা বরাবরে সিডিআর/পে-অর্ডার এর মাধ্যমে দাখিল করতে হবে।

০৩। দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের উপর ১৫% হারে ভ্যাট, ১০% হারে উৎস কর (আয়কর) ও ৫% হারে জামানতসহ মোট (১৫+১০+৫)=৩০% অর্থ ও সিডিউল মূল্য প্রশাসক, রামগঞ্জ পৌরসভা বরাবরে সিডিআর/ পে-অর্ডার এর মাধ্যমে E-Tender আবেদনে সংযুক্ত করতে হবে (জামানত ফেরৎ যোগ্য)।

০৪। কৃতকার্য দরদাতাকে দর অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করে সংশ্লিষ্ট মহাল এবং স্ট্যান্ড বাজারের দখল বুঝে নিতে হবে। উল্লেখিত সময়ে ষ্ট্যাম্প জমা দিয়ে মহাল, স্ট্যান্ড এবং হাট-বাজারের দখল বুঝে নিতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

০৫। কৃতকার্য দরদাতাগণকে ক) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, খ) পাসপোর্ট সাইজ ছবি- ১ কপি, গ) মোবাইল নম্বর জমা দিতে হবে।

০৬। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত মহাল এবং স্ট্যান্ড, হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না

০৭। টোল আদায়কারীর পরিচয় পত্র প্রশাসক কর্তৃক সত্যায়িত করে নিতে হবে।

০৮। ইজারাদারকে পৌরসভার হতে সরবরাহকৃত টোল চার্ট মোতাবেক টোল আদায় করতে হবে। রেইটের অতিরিক্ত বর্ধিত হারে টোল আদায় করা হয়েছে মর্মে প্রমান পাওয়া গেলে মহাল/ স্ট্যান্ড ইজারা বাতিলসহ সম্পূর্ন টাকা বাজেয়াপ্ত করে পুনঃ ইজারা দেওয়া হবে।

০৯। ইজারাদার কর্তৃক মহাল/স্ট্যান্ড পৌর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত টোল আদায়ের রশিদ বই ছাপিয়ে নিতে হবে। রশিদ বই ছাড়া খাজনা আদায় করা যাবেনা।

১০। ইজারাদার নিজ খরচে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

১১। গনশৌচাগার সমূহের ইজারাদার কর্তৃক গনচৌশাগার পরিষ্কার পরিচ্ছন্নতা, সেফটিক ট্যাঙ্ক পরিষ্কার, বিদ্যুৎ বিল ও পানির বিল নিজ দায়িত্বে পরিশোধ করবেন।

১২। ইজারাদার কর্তৃক মহাল/হাট-বাজার/ স্ট্যান্ড/ গনচৌশাগারের কোন ক্ষতি সাধিত হলে ৫% জামানত কর্তনকরে উক্ত ক্ষতির নির্বাহ করা হবে।

১৩। সরকার কর্তৃক কোন মহাল / হাট-বাজার/ স্ট্যান্ড / গনচৌশাগার সাময়িক অথবা স্থায়ীভাবে বন্ধ করে দিলে কর্তৃপক্ষ দায়ি থাকবেনা।

১৪। স্থানীয় সরকার বিভাগের সময় সময় জারিকৃত আদেশ মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫। ইজারাদার মহাল/হাট-বাজার/ স্ট্যান্ড এর সীমানা, চৌহদ্দি বজায় রাখিবেন এবং সংরক্ষন করিবেন। কেহ যাতে হাট-বাজারে অনুপ্রবেশ বা দখল করতে না পারে তা নিশ্চিত করবেন। কোন মহালের সীমানা নিয়ে বিরোধ দেখা দিলে পৌর কতৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১৬। স্ট্যান্ড অনুযায়ী নির্ধারিত স্থানে সিএনজি অথবা গাড়ী না থাকলে ইজারা বাতিল, জামানত বাজেয়াপ্ত করন এবং আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।



CamScanner

১৭। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করার সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১৮। শর্তাবলিতে উল্লেখ নেই, এ ধরনের সমস্যার সৃষ্টি হলে হাট বাজার ইজারা নীতিমালা-২০১১ ও পৌরসভার নীতিমালা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

(এস.এম রবিন শীষ)
প্রশাসক
রামগঞ্জ পৌরসভা
রামগঞ্জ, লক্ষ্মীপুর।

২৫.০২.২৫

স্মারক নং- রামঃ/পৌরঃ/২০২৫/৩৮

তারিখঃ২৫/০২/২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ সহকারে প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৩। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
০৬। সহকারী কমিশনার ভূমি, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
০৭। অফিসার ইনচার্জ, রামগঞ্জ থানা, লক্ষ্মীপুর।
০৮। জনাব------------------------------------------ সদস্য (সকল), পৌর প্রশাসক সহায়তা কমিটি, ওয়ার্ড নং -----, রামগঞ্জ পৌরসভা।
০৯। পৌর নির্বাহী কর্মকর্তা, রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।
১০। সহকারী প্রকৌশলী রামগঞ্জ পৌরসভা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
১১। ব্যবস্থাপক ---------------------------------------------------- ব্যাংক, রামগঞ্জ শাখা, লক্ষ্মীপুর।
১২। প্রশাসনিক কর্মকর্তা, রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।
১৩। হিসাব রক্ষক, রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর।
১৪। সভাপতি/সাধারন সম্পাদক, রামগঞ্জ/বালুয়া চৌমুহনী/সোনাপুর বাজার বনিক সমিতি।
১৫। জনাব--------------------------------------------প্রাক্তন ইজারাদার (সকল), রামগঞ্জ, লক্ষ্মীপুর।
১৬। জনাব--------------------------------------------, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
১৭। সম্পাদক, দৈনিক -----------------------------------। আপনার বহুল প্রচারিত পত্রিকায় ০৩ কলামে ০৯ ইঞ্চি পরিসরে ভেতরের পাতায় আগামী ২৮/০২/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে এক দিবসের সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল।
১৮। নোটিশ বোর্ড, রামগঞ্জ পৌরসভা কার্যালয়, লক্ষ্মীপুর।
১৯। সংশিষ্ট নথি।

(এস.এম রবিন শীষ)
প্রশাসক
রামগঞ্জ পৌরসভা
রামগঞ্জ, লক্ষ্মীপুর।

২৫.০২.২৫



CamScanner